# বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্

**এফসিপিএস ১ম পর্ব, এফসিপিএস ২য় পর্ব (ফাইনাল), এফসিপিএস (সাব-স্পেশালিটি), প্রিলিমিনারী এফসিপিএস ২য় পর্ব এবং এমসিপিএস পরীক্ষার জন্য অনলাইন রেজিষ্ট্রেশন এবং ফি জমা দেয়ার নিয়মাবলী।**

**সাধারণ নিয়মাবলী:**

১. জানুয়ারী ২০১৬ খ্রিঃ সেশনের পরীক্ষা থেকে বিসিপিএস এর সকল পরীক্ষার রেজিস্ট্রেশন এবং পরীক্ষার ফি অনলাইনে জমা দেয়া বাধ্যতামূলক করা হয়েছে।

২. প্রথমে পরীক্ষার্থী ব্যাংকে গিয়ে নির্দিষ্ট পরিমান টাকা জমা দিবেন। ব্যাংকে টাকা জমা দেয়ার সময় ব্যাংক রশিদে পরীক্ষার্থীর নাম, স্বাক্ষর, মোবাইল নং, পরীক্ষার নাম, বিএমডিসি রেজিস্ট্রেশন নং লিখবেন। তারপর ব্যাংক রশিদ, প্রয়োজনীয় সনদসমূহ, ছবি, স্বাক্ষর (অবশ্যই ২০০ কেবি এর নীচে) স্ক্যান করে অনলাইন রেজিষ্ট্রেশনের সময় সংযোজন করবেন।

৩. যে সকল পরীক্ষার্থীর PEN/SEN/MEN কার্ড আছে কিন্তু অনলাইন রেজিস্ট্রেশন করা নাই, তাদেরকে পুরাতন পরীক্ষার্থী হিসেবে http://exams.bcps.edu.bd এ ওয়েব সাইটে গিয়ে রেজিস্ট্রেশন করতে হবে।

৪. যাদের অনলাইন রেজিস্ট্রেশন নাম্বার আছে (জানুয়ারী ২০১৬ ইং সেশনের পর পরীক্ষা দিয়েছেন) তাদেরকে পরীক্ষার ফি ব্যাংকে জমা দিয়ে ব্যাংক রশিদ স্ক্যান করে অনলাইন রেজিস্ট্রেশনের সময় দেয়া পাসওয়ার্ড ব্যবহার করে সংরক্ষিত একাউন্টে প্রবেশ করে 'Re-exam' বাটনে চেপে ব্যাংক রশিদ এবং প্রয়োজনীয় তথ্য সংযোজন করবেন।

৫. নতুন পরীক্ষার্থীদের ফরমের হার্ড কপি ও অন্যান্য কাগজপত্র অবশ্যই নির্ধারিত সময়ের মধ্যে কলেজের প্রশাসন বিভাগে (ব্লক-সি, রুম-২০১) জমা দিতে হবে (এফসিপিএস ১ম পর্ব পরীক্ষার্থীদের জন্য প্রযোজ্য নয়)।

৬. যাদের অনলাইন রেজিস্ট্রেশন নাম্বার আছে এবং বিষয় পরিবর্তন করতে চান, তারা পাসওয়ার্ড সংরক্ষিত একাউন্টে প্রবেশ করে 'Subject Change' বাটন চেপে ব্যাংক রশিদ এবং প্রয়োজনীয় তথ্য সংযোজন করবেন (শুধুমাত্র এফসিপিএস ১ম পর্ব পরীক্ষার্থীদের জন্য প্রযোজ্য)। যিনি এখন পর্যন্ত এফসিপিএস ১ম পর্ব পাশ করেন নাই তিনিই শুধুমাত্র বিষয় পরিবর্তন করার জন্য আবেদন করতে পারবেন।

৭. একই সেশনে একাধিক পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে না।

৮. পরীক্ষা হতে নাম প্রত্যাহার করার জন্য অবশ্যই অনলাইন রেজিস্ট্রেশন করা থাকতে হবে। যাদের রেজিস্ট্রেশন করা আছে তারা তাদের পাসওয়ার্ড সংরক্ষিত একাউন্টে প্রবেশ করে পরীক্ষা হতে নাম প্রত্যাহারের সঠিক কারণ লিখে আবেদন দাখিল করবেন। কলেজ থেকে আবেদন অনুমোদনের পর প্রার্থীতা প্রত্যাহার হয়েছে এই মর্মে পরীক্ষার্থীর পাসওয়ার্ড সংরক্ষিত একাউন্টে মেসেজ দেখা যাবে।

৯. নতুন পরীক্ষার্থী রেজিস্ট্রেশনের আবেদন দাখিল করার সাথে সাথে আবেদন দাখিল হয়েছে এই মর্মে বিসিপিএস থেকে মোবাইলে এবং ই-মেইলে মেসেজ পাবেন। পরবর্তীতে কাগজপত্র ও পরীক্ষার ফি যাচাই করার পর পরীক্ষার্থীর মোবাইলে/ই-মেইলে eligible মেসেজ যাবে এবং তারপর পরীক্ষার্থীর একটি পাসওয়ার্ড সংরক্ষিত একাউন্ট (প্রোফাইল) তৈরী হবে। পরবর্তী সেশনগুলোতে পরীক্ষা দেয়ার প্রয়োজন হলে পাসওয়ার্ড সংরক্ষিত একাউন্টে প্রবেশ করে শুধুমাত্র পরীক্ষার ফী'র ব্যাংক রশিদ এবং প্রয়োজনীয় তথ্য সংযোজন করে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

১০. FCPS ২য় পর্বের নতুন পরীক্ষার্থীদের ট্রেনিং সার্টিফিকেট, কোর্স সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে) জমাদান সাপেক্ষে, ডিজার্টেশন অনুমোদন সাপেক্ষে ও অন্যান্য কাগজপত্র যাচাইপূর্বক Eligible ম্যাসেজ প্রেরণ করা হবে।

১১. যারা BMDC registration certificate renew date correct/update করতে চান, তারা BMDC থেকে BMDC registration certificate renew করে পাসওয়ার্ড সংরক্ষিত একাউন্টে প্রবেশ করে 'Validity date' সংশোধন করলে একাউন্টে date correct/update হবে।

১২. অনলাইন রেজিস্ট্রেশনের জন্য ডাটা এন্ট্রি করার পর, ডাটা সংশোধন করার জন্য কলেজের হিসাব বিভাগে ৫০০/- টাকা ডাটা সংশোধনের ফী হিসাবে জমা দিতে হবে।

১৩. বিসিপিএস এর অফিস সময়সূচী: শনিবার থেকে বুধবারঃ সকাল ৯.০০ টা থেকে বিকাল ৪.০০ টা পর্যন্ত এবং বৃহস্পতিবারঃ সকাল ৯.০০ টা থেকে দুপুর ২.০০ টা পর্যন্ত। ক্যাশ শাখার লেনদেন সময়সূচী: শনিবার থেকে বুধবারঃ সকাল ৯.০০ টা থেকে বিকাল ৩.০০ টা পর্যন্ত এবং বৃহস্পতিবারঃ সকাল ৯.০০ টা থেকে দুপুর ১.০০ টা পর্যন্ত।

১৪. একটি ই-মেইল একাধিক পরীক্ষার রেজিস্ট্রেশনের জন্য ব্যবহার করা যাবে না। অর্থ্যাৎ অনলাইন রেজিস্ট্রেশন পদ্ধতিতে একটি ই-মেইল একবারই ব্যবহার করা যাবে। নিরাপত্তা এবং গোপনীয়তার স্বার্থে রেজিষ্ট্রেশনের সময় শুধুমাত্র ব্যক্তিগত ই-মেইল এবং মোবাইল নাম্বার ব্যবহার করতে হবে।

১৫. নতুন পরীক্ষার্থীরা মোবাইলে এবং ই-মেইলে eligible মেসেজ না পাওয়া পর্যন্ত forgot password/ password change করতে পারবেন না।

১৬. পরীক্ষার্থীদের অবশ্যই নির্দিষ্ট সময়ের মধ্যে online থেকে এডমিট কার্ড প্রিন্ট করতে হবে। কলেজ ক্যাম্পাস থেকে পরীক্ষার্থীদের এডমিট কার্ড দেয়া হবে না এবং নির্দিষ্ট সময়ের পর অনলাইন থেকে এডমিট কার্ড প্রিন্ট করা যাবে না।

১৭. Valid admit card (যে পরীক্ষার জন্য যে এডমিট কার্ড প্রযোজ্য) ব্যতীত পরীক্ষার্থীরা পরীক্ষার হলে প্রবেশ করতে পারবেন না।

১৮. এফসিপিএস ২য় পর্ব, এফসিপিএস সাব-স্পেশালিটি, প্রিলিমিনারী এফসিপিএস ২য় পর্ব এবং এমসিপিএস পরীক্ষার এডমিট কার্ড জানুয়ারী সেশনের জন্য ২০ ডিসেম্বর থেকে শুরু করে এবং জুলাই সেশনের জন্য ২০ জুন থেকে শুরু করে ভাইভা/OSPE পরীক্ষার শেষ দিন পর্যন্ত এবং এফসিপিএস ১ম পর্বের এডমিট কার্ড জানুয়ারী সেশনের জন্য ২০ ডিসেম্বর থেকে শুরু করে এবং জুলাই সেশনের জন্য ২০ জুন থেকে শুরু করে পরীক্ষার ফলাফল প্রকাশ হওয়ার দিন পর্যন্ত online থেকে প্রিন্ট করা যাবে।

১৯. **রেজিষ্ট্রেশন করার সময় নামের পূর্বে Dr. লেখার প্রয়োজন নাই এবং Capital Letter এ সকল তথ্য এন্ট্রি করতে হবে।**

২০. যিনি একটি বিষয়ে এফসিপিএস ১ম পর্ব পাশ করেছেন এবং আরো একটি বিষয়ে এফসিপিএস ১ম পর্ব পরীক্ষা দিতে চান, তিনি তার একাউন্টে প্রবেশ করে 'Additional Subject' option এ গিয়ে ব্যাংক রশিদ এবং প্রয়োজনীয় তথ্য সংযোজন করবেন। একজন পরীক্ষার্থী সর্বোচ্চ দুইটি বিষয়ে এফসিপিএস ১ম পর্ব পাশ করতে পারবেন।

২১. অনলাইন রেজিস্ট্রেশন সংক্রান্ত বিস্তারিত গাইডলাইনের জন্য http://exams.bcps.edu.bd এ সাইটে গিয়ে 'Register' বাটনে চাপুন। তারপর Online Registration Guide বাটনে চাপুন।

২২. অনলাইন রেজিস্ট্রেশনের Notification এবং Online Registration Notice দেখার জন্য http://exams.bcps.edu.bd এ সাইটে গিয়ে 'Register' বাটনে চাপুন। তারপর 'Notice' বাটনে চাপুন।

২৩. রেজিষ্ট্রেশনের সময় ব্যাংকের শাখার নাম এবং মেডিকেল কলেজ/ইনষ্টিটিউটের নাম তালিকায় না পেলে কলেজের ই-মেইল query@bcps-bd.org এ ই-মেইল করুন।

২৪. পূর্বে যে পরীক্ষার জন্যই রেজিস্ট্রেশন করা থাকুন না কেন পরবর্তীতে আর রেজিস্ট্রেশন করা লাগবে না। পূর্বের পাসওয়ার্ড দিয়ে একাউন্টে প্রবেশ করে অন্য পরীক্ষার জন্য রেজিস্ট্রেশন করা যাবে। অর্থ্যাৎ একজন পরীক্ষার্থীর একাধিক পাসওয়ার্ড ও একাধিক একাউন্ট থাকবে না। একটি একাউন্ট থাকলেই আরেকটি পরীক্ষার জন্য আবেদন করা যাবে।

২৫. নতুন পরীক্ষার্থী প্রথমবার রেজিষ্ট্রেশন করার সময় কোন কারণে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে না পারলে ডাটা save করে পরবর্তীতে আবার আগের এন্ট্রি যেখানে শেষ হয়েছিল, সেখান থেকে ডাটা এন্ট্রি করে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পারবেন। ডাটা save না করলে রেজিস্ট্রেশন অসম্পূর্ণ থাকবে।

২৬. অনলাইন রেজিস্ট্রেশনের সর্বশেষ তারিখের পরের দিন কলেজের ওয়েবসাইটে registered candidate দের তালিকা প্রকাশ করা হবে। সর্বোচ্চ তিন দিন এ তালিকা ওয়েবসাইটে সংরক্ষণ করা হবে। প্রকাশিত তালিকাতে নাম নাই, কিন্তু অন-লাইন রেজিস্ট্রেশন হয়েছে এই মর্মে মোবাইলে বা ই-মেইলে Online Successful Message গিয়ে থাকলে জানুয়ারি সেশনে পরীক্ষার জন্য ১৮ নভেম্বর ও জুলাই সেশনে পরীক্ষার জন্য ১৮ মে দুপুর ০১.০০ টার মধ্যে রেজিস্ট্রেশন সংক্রান্ত মেসেজ ও যাবতীয় ডকুমেন্টের Soft Copy-সহ কলেজের প্রশাসন বিভাগের (ব্লক-সি, নীচ তলা) reception এ যোগাযোগ করতে হবে।

**নতুন পরীক্ষার্থী:**

১. http://exams.bcps.edu.bd এ ওয়েব সাইটে গিয়ে 'Register' বাটনে চাপুন। I accept the terms of the Agreement বাটনে চাপুন। যে পরীক্ষায় অংশগ্রহণ করতে চান সে পরীক্ষায় চাপুন। 'New Applicant' এ চাপুন। পরবর্তীতে ডাটা এন্ট্রি, কাগজপত্র এবং ছবি ও স্বাক্ষর সংযোজন (অবশ্যই ২০০ কেবি এর নীচে) করুন। এন্ট্রি শেষ করার পর revise your entry আসবে; ঠিক থাকলে 'Finish' বাটনে চাপুন। ঠিক না থাকলে previous/back এ গিয়ে ডাটা সংশোধন করে 'Next' বাটন চেপে 'Finish' এ চাপুন।

২. উপরোক্ত প্রক্রিয়াটি সম্পন্ন হওয়ার সাথে সাথে পরীক্ষার্থীর মোবাইলে এবং ই-মেইলে ডাটা এন্ট্রি হয়েছে এই মর্মে মেসেজ যাবে। মেসেজ না পেলে কলেজের প্রশাসন বিভাগের (ব্লক-সি, নীচ তলা) reception এ যোগাযোগ করুন।

৩. **পরবর্তীতে তথ্যাদি যাচাই করে কোন সমস্যা পাওয়া গেলে কলেজ থেকে পরীক্ষার্থীকে ই-মেইলে জানানো হবে। কোন সমস্যা না পাওয়া গেলে পরীক্ষার্থীর মোবাইলে এবং ই-মেইলে Eligible মেসেজ সহ পাসওয়ার্ড যাবে এবং পরীক্ষার্থীর একটি একাউন্ট (প্রোফাইল) তৈরী হবে। পরবর্তীতে পাসওয়ার্ড দিয়ে পরীক্ষার্থী লগইন করে এডমিট কার্ড প্রিন্ট করা এবং পরীক্ষা হতে নাম প্রত্যাহারসহ পরীক্ষার ফলাফল দেখতে পারবেন।**

৪. পরবর্তী সেশনগুলোতে একই পরীক্ষা আবার দেয়ার প্রয়োজন হলে পাসওয়ার্ড দিয়ে একাউন্টে প্রবেশ করে প্রয়োজনীয় তথ্যাদি এন্ট্রি করে স্ক্যানকৃত ব্যাংক রশিদ সংযোজন করে পরীক্ষার জন্য আবেদন করুন।

৫. এফসিপিএস ২য় পর্ব, এফসিপিএস (সাব-স্পেশালিটি), প্রিলিমিনারী এফসিপিএস ২য় পর্ব এবং এমসিপিএস পরীক্ষার্থীদের জানুয়ারী পরীক্ষার জন্য ১৮ নভেম্বর ও জুলাই পরীক্ষার জন্য ১৮ মে এর মধ্যে অনলাইন রেজিস্ট্রেশনের ডকুমেন্ট (ফরম) এর প্রিন্ট কপি এবং অন্যান্য কাগজপত্রের হার্ড কপি অবশ্যই কলেজের প্রশাসন বিভাগ (ব্লক-সি, রুম-২০১) জমা দিতে হবে।

৬. রেজিষ্ট্রেশন করার সাথে সাথেই Eligible মেসেজ প্রেরণ করা হয় না। ট্রেনিং সার্টিফিকেট, কোর্স সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে) জমাদান সাপেক্ষে, ডিজার্টেশন অনুমোদন সাপেক্ষে ও অন্যান্য কাগজপত্র যাচাইপূর্বক Eligible ম্যাসেজ প্রেরণ করা হয়। Eligible করা হলে পরীক্ষার্থীর মোবাইলে/ই-মেইলে/পাসওয়ার্ড সংরক্ষিত একাউন্টে মেসেজ যাবে।

**পুরাতন পরীক্ষার্থী (যাদের অনলাইন রেজিস্ট্রেশন নাম্বার আছে):**

১. http://exams.bcps.edu.bd এ সাইটে গিয়ে 'Login' বাটনে চাপুন, পরীক্ষার নাম নির্ধারণ করুন, বিএমডিসি নাম্বার লিখুন (রেজিষ্ট্রেশনের সময় বিএমডিসি নাম্বার এর পূর্বে A ব্যবহার করে থাকলে A দিন; A ব্যবহার না করলে শুধুমাত্র বিএমডিসি নাম্বার দিন) এবং পাসওয়ার্ড লিখুন।

২. এরপর একাউন্টে প্রবেশ করে ডাটা এন্ট্রি করে ব্যাংক রশিদ সংযোজন করুন। ব্যাংক রশিদ সংযোজন হয়েছে কিনা তা দেখার জন্য একাউন্টে প্রবেশ করে Status "Pending" (Pending থাকলে আবেদন দাখিল হয়েছে) না "Eligible" যাচাই করুন।

৩. **পরবর্তীতে কলেজ পরীক্ষার্থীর ব্যাংক রশিদ ব্যাংক থেকে প্রাপ্ত statement এর সাথে মেলানোর পর Eligible করবে। Eligible করার পর পরীক্ষার্থী তার একাউন্টে প্রবেশ করে দেখতে পারবেন যে তিনি Eligible হয়েছেন কিনা। এক্ষেত্রে মোবাইলে/ই-মেইলে কোন মেসেজ যাবে না।**

**পুরাতন পরীক্ষার্থী (যাদের PEN/SEN/MEN নাম্বার আছে কিন্তু অনলাইন রেজিস্ট্রেশন নাম্বার নাই):**

১. http://exams.bcps.edu.bd এ ওয়েব সাইটে গিয়ে 'Register' বাটনে চাপুন। I accept the terms of the Agreement এ চাপুন। যে পরীক্ষায় অংশগ্রহণ করতে আগ্রহী সে পরীক্ষায় চাপুন। 'Old Applicant' এ চাপুন। পরবর্তীতে ডাটা এন্ট্রি এবং ছবি ও স্বাক্ষর সংযোজন (অবশ্যই ২০০ কেবি এর নীচে) করুন। এন্ট্রি শেষ করার পর revise your entry আসবে; ঠিক থাকলে 'finish' এ চাপুন। ঠিক না থাকলে previous/back এ গিয়ে ডাটা সংশোধন করে 'next' বাটনে চাপুন এবং 'finish' এ চাপুন।

২. উপরোক্ত প্রক্রিয়াটি সম্পন্ন হওয়ার সাথে সাথে পরীক্ষার্থীর মোবাইলে এবং ই-মেইলে ডাটা এন্ট্রি হয়েছে এই মর্মে মেসেজ যাবে। মেসেজ না পেলে কলেজের প্রশাসন বিভাগের (ব্লক-সি, নীচ তলা) reception এ যোগাযোগ করুন।

৩. পরবর্তীতে কলেজ তথ্যাদি যাচাই করে কোন সমস্যা পেলে পরীক্ষার্থীর ই-মেইলে জানাবে। কোন সমস্য না পাওয়া গেলে পরীক্ষার্থীর মোবাইলে এবং ই-মেইলে **Eligible** মেসেজ সহ পাসওয়ার্ড যাবে এবং পরীক্ষার্থীর একটি একাউন্ট (প্রোফাইল) তৈরী হবে। পরবর্তীতে পাসওয়ার্ড দিয়ে পরীক্ষার্থী লগইন করে এডমিট কার্ড প্রিন্ট করা এবং পরীক্ষা হতে নাম প্রত্যাহারসহ পরীক্ষার ফলাফল দেখতে পারবেন। পরবর্তী সেশনগুলোতে পরীক্ষা দেয়ার প্রয়োজন হলে একাউন্টে প্রবেশ করে প্রয়োজনীয় তথ্যাদি এন্ট্রি করে ব্যাংক রশিদ সংযোজন করলেই হবে।

**পুরাতন পরীক্ষার্থী (যাদের PEN/SEN/MEN নাম্বার আছে কিন্তু অনলাইন রেজিস্ট্রেশন নাম্বার নাই এবং বিষয় পরিবর্তন/অতিরিক্ত বিষয়ে পরীক্ষা দিতে চান):**

১. http://exams.bcps.edu.bd এ সাইটে গিয়ে 'Register' বাটনে চাপুন। I accept the terms of the Agreement এ চাপুন। যে পরীক্ষায় অংশগ্রহণ করতে চান সে বাটনে চাপুন তারপর 'Old Applicant' এ চাপুন এবং pen/sen/men নাম্বার লিখুন। বিষয় পরিবর্তন করতে চাইলে 'Change Subject' এ চাপুন (শুধুমাত্র এফসিপিএস ১ম পর্বের জন্য প্রযোজ্য)। অতিরিক্ত বিষয়ে পরীক্ষা দিতে চাইলে 'Additional Subject' এ চাপুন (শুধুমাত্র এফসিপিএস ১ম পর্বের জন্য প্রযোজ্য)।

২. পরবর্তীতে ডাটা এন্ট্রি করুন এবং প্রয়োজনবোধে কাগজপত্র সংযোজন (অবশ্যই ২০০ কেবি এর নীচে) করুন। এন্ট্রি শেষ করার পর revise your entry আসবে; ঠিক থাকলে 'Finish' এ চাপুন। ঠিক না থাকলে previous/back এ গিয়ে ডাটা সংশোধন করে 'Next' বাটনে চেপে 'Finish' এ চাপুন।

৩. উপরোক্ত প্রক্রিয়াটি সম্পন্ন হওয়ার সাথে সাথে পরীক্ষার্থীর মোবাইলে এবং ই-মেইলে ডাটা এন্ট্রি হয়েছে এই মর্মে মেসেজ যাবে। মেসেজ না পেলে কলেজের প্রশাসন বিভাগের (ব্লক-সি, নীচ তলা) reception এ যোগাযোগ করুন।

৪. পরবর্তীতে কলেজ তথ্যাদি যাচাই করে কোন সমস্যা পেলে পরীক্ষার্থীর ই-মেইলে জানাবে। সমস্য না পাওয়া গেলে পরীক্ষার্থীর মোবাইলে এবং ই-মেইলে **Eligible** মেসেজ সহ পাসওয়ার্ড যাবে এবং পরীক্ষার্থীর একটি একাউন্ট (প্রোফাইল) তৈরী হবে। পরবর্তীতে পাসওয়ার্ড দিয়ে পরীক্ষার্থী লগইন করে এডমিট কার্ড প্রিন্ট করা এবং পরীক্ষা হতে নাম প্রত্যাহারসহ পরীক্ষার ফলাফল দেখতে পারবেন। পরবর্তী সেশনগুলোতে পরীক্ষা দেয়ার প্রয়োজন হলে একাউন্টে প্রবেশ করে প্রয়োজনীয় তথ্যাদি এন্ট্রি করে ব্যাংক রশিদ সংযোজন করলেই হবে।

**পুরাতন পরীক্ষার্থী -যাদের অনলাইন রেজিস্ট্রেশন নাম্বার আছে এবং বিষয় পরিবর্তন (যারা এফসিপিএস ১ম পর্ব পাশ করেন নাই) / অতিরিক্ত বিষয়ে (যারা ১টি বিষয়ে এফসিপিএস ১ম পর্ব পাশ করেছেন) পরীক্ষা দিতে চান:**

১. http://exams.bcps.edu.bd এ সাইটে গিয়ে login বাটনে চাপুন, পরীক্ষার নাম নির্ধারণ করুন, বিএমডিসি নাম্বার লিখুন (রেজিষ্ট্রেশনের সময় বিএমডিসি নাম্বার এর পূর্বে A ব্যবহার করে থাকলে A দিন; A ব্যবহার না করলে শুধুমাত্র বিএমডিসি নাম্বার দিন) এবং পাসওয়ার্ড লিখুন।

২. এরপর একাউন্টে প্রবেশ করে বিষয় পরিবর্তন করতে চাইলে Subject Change নির্ধারণ করে ডাটা এন্ট্রি করে ব্যাংক রশিদ সংযোজন করুন। অতিরিক্ত বিষয়ে পরীক্ষা দিতে চাইলে Additional Subject নির্ধারণ করে ডাটা এন্ট্রি করে ব্যাংক রশিদ সংযোজন করুন।

৩. পরবর্তীতে কলেজ পরীক্ষার্থীর ব্যাংক রশিদ ব্যাংক থেকে প্রাপ্ত **statement** এর সাথে মেলানোর পর পরীক্ষার্থীকে **Eligible** করবে। **Eligible** করার পর পরীক্ষার্থী তার একাউন্টে প্রবেশ করে দেখতে পারবেন যে তিনি **Eligible** হয়েছেন কিনা। এক্ষেত্রে মোবাইলে/ই-মেইলে কোন মেসেজ যাবে না।

**পরীক্ষা হতে নাম প্রত্যাহার:**

১. পরীক্ষা হতে নাম প্রত্যাহারের জন্য পরীক্ষার্থীকে অবশ্যই Eligible হতে হবে এবং পাসওয়ার্ড থাকতে হবে। পরীক্ষা হতে নাম প্রত্যাহার করতে ইচ্ছুক কিন্তু যারা এখনও পাসওয়ার্ড পান নাই তারা কলেজের হিসাব বিভাগে হাজির হয়ে নির্ধারিত সময়ের মধ্যে পরীক্ষা হতে নাম প্রত্যাহারের আবেদন করতে পারবেন।

২. পরীক্ষা হতে নাম প্রত্যাহারের জন্য http://exams.bcps.edu.bd এ সাইটে গিয়ে 'Login' বাটনে চাপুন, পরীক্ষার নাম নির্ধারণ করুন, বিএমডিসি নাম্বার লিখুন (রেজিষ্ট্রেশনের সময় বিএমডিসি নাম্বার এর পূর্বে A ব্যবহার করে থাকলে A দিন; A ব্যবহার না করলে শুধুমাত্র বিএমডিসি নাম্বার দিন) এবং পাসওয়ার্ড লিখুন।

৩. এরপর একাউন্টে প্রবেশ করে Exam Cancellation/Withdrawal বাটনে চেপে ডাটা এন্ট্রি করে ব্যাংক রশিদ সংযোজন করুন। পরবর্তীতে পরীক্ষার্থী তার একাউন্টে ঢুকে দেখতে পারবেন Exam Cancellation/ Withdrawal request কলেজে পৌঁছেছে কিনা এবং request accept হয়েছে কিনা।

৪. সময়মত পরীক্ষা হতে নাম প্রত্যাহার করলে পরীক্ষা ফী'র ৭৫% টাকা চেকের মাধ্যমে পরীক্ষা সম্পন্ন হওয়ার ২/৩ মাস পর ফেরৎ প্রদান করা হবে। কলেজের হিসাব বিভাগ (ব্লক-সি, কক্ষ-২০৫) থেকে চেক সংগ্রহ করা যাবে। সময়মত পরীক্ষা হতে নাম প্রত্যাহারের আবেদন না করলে টাকা ফেরৎ পাওয়া যাবে না।